


INTERNATIONAL RIVERS
PEOPLE · WATER · LIFE

# নদী অধকিার বষিয়ে কমডিনটিরি জন্য নরি্দশেকিা

December 2021

**About International Rivers**

International Rivers protects rivers and defends the rights of communities that depend on them. We seek a world where healthy rivers and the rights of local river communities are valued and protected. We envision a world where water and energy needs are met without degrading nature or increasing poverty, and where people have the right to participate in decisions that affect their lives.

This report was published by International Rivers in December 2021


**Author:** Sabrina K Gyorvary

**Design and Layout:** Aspire Design

**Photos:** Ayesha DSouza / International Rivers

344 20th Street
Oakland CA 94612, USA
Tel: +1 510 848 1155
www.internationalrivers.org

**Disclaimer:** The views expressed in this publication are not necessarily the views of the TROSA program.



**“আমরা নদীকে দেখি জীবন্ত সত্তা রূপে যা আমাদের পূর্বপুরুষদের বয়ে চলছে, আমাদের স্মৃতি বয়ে চলছে, এবং আমাদের ইতিহাসের ধারক এবং বাহক।”**

**জাফরি হিপাঙ্গো,**
মাওরি কমিউনিটি নেতা, নিউজিল্যান্ড[২]

2 The Atlantic. 2019, April 22. New Zealand’s Maori Won Personhood for This River. Video, youtube.com/watch?v=YQZxRSzxhLI

## পৃথিবীতে সুস্থ জীবনের জন্য সুস্থ নদী প্রয়োজন, পৃথিবীর প্রাকৃতিক পানিচক্র সচল রাখার মাধ্যমে, নদীর প্রবাহ আমাদের পৃথিবীর সুন্দর জীববৈচিত্রকে রক্ষা করে। নদী জলাভূমিকে পানি দেয়, সাগরে জীবনরক্ষাকারী খনিজ সরবরাহ করে এবং নদী তীরবর্তী অঞ্চল সমূহের পলিমাটি বয়ে নিয়ে যায় যেখানে অনেক মানুষ বসবাস করে।

যাইহোক, পৃথিবীর নদী গুলো মারা যাচ্ছে। আগের চেয়ে আরো দ্রুতগতিতে, মানুষ সেঁচ,বিদ্যুৎ, খামার এবং বড় শহরের দিকে নদীর গতিপথ পরিবর্তন, এবং ভূগর্ভস্থ পানি খাবার, চাষাবাদ এবং শিল্পের জন্য তুলে আনছে। পৃথিবীর অনেক নদী এখন সম্পুর্ন শুকিয়ে গেছে। আমাদের যে সকল নদী এখনো রয়ে গেছে সেগুলো প্রতিনিয়ত দূষিত হচ্ছে খামারের বর্জ্য, শিল্প কারখানা এবং বড় শহরের বর্জ্যর কারণে ঘঠিত অক্সিজেনের অভাবে। গত শতাব্দীতে অর্ধেকের বেশি জলাভূমি ধ্বংস করা হয়েছে, এবং পৃথিবীর জলজ বাস্তুসংস্থান- যার মধ্যে রয়েছে সাগর, লেক, এবং নদী তাদের অর্ধেকের বেশি জীববৈচিত্র হারিয়েছে সত্তরের দশক হতে। জাতিসংঘের একটি গবেষণা আমাদের সাবধান করে দিচ্ছে যে প্রায় এক লক্ষ প্রাণী এবং উদ্ভিদ প্রজাতি চিরতরে হারিয়ে যাবার মুখোমুখি দাঁড়িয়ে আছে, এর মধ্যে অনেকগুলোই কিছুদিনের মধ্যে হারিয়ে যাবে।[2]

পরিবর্তন আনার জন্য এখনও অনেক দেরি হয়ে যায়নি। আমরা আমাদের নদীগুলো এবং নদীর ওপর নির্ভরশীল জীবন গুলোকে খুব সহজে ধ্বংসের হাত থেকে বাঁচাতে পারি শুধুমাত্র আমাদের মূল লক্ষ্য এবং মূল্যবোধকে জাগ্রত করার মাধ্যমে, এবং আমরা ব্যক্তিগতভাবে এবং সামাজিকভাবে প্রকৃতির সাথে কি ধরনের ব্যবহার করছি বা প্রকৃতিকে কিভাবে ব্যবহার করছি তা সঠিকভাবে চিন্তা করে। প্রকৃতির অধিকার হলো এমন একটি বিষয় যা আমাদের ভাবতে শেখায় যে প্রকৃতি শুধুমাত্র মানুষের সম্পত্তি নয়, বরং প্রকৃতির নিজস্ব অধিকার রয়েছে।

আমরা যদি প্রকৃতির অধিকার রক্ষার বিষয়টি গ্রহণ করি, তাহলে এ বিষয়টিকে আমরা আমাদের আইনি প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করতে পারব যার ফলে এই নতুন আইন আমাদের প্রকৃতিকে রক্ষা করতে সাহায্য করবে। আমরা যদি আমাদের প্রকৃতির অধিকার বিষয়ক আইন পরিবর্তন করতে পারি তাহলে তা আইনিভাবে আদালতে প্রকৃতিকে রক্ষা করার জন্য আমাদের সাহায্য করবে। প্রকৃতির অধিকার একটি অংশ হিসেবে, নদী সুরক্ষা আন্দোলন এই ঘোষণা করছে যে সকল নদী জীবন্ত এবং নদীর মৌলিক অধিকার রয়েছে।

নিচের অংশে নদীর অধিকার সম্পর্কে আন্তর্জাতিক বিভিন্ন ঘোষণার একটি সারমর্ম রয়েছে।[3] এই নতুন ঘোষণাটি সকল নাগরিক সমাজ, আইনজীবী, সিদ্ধান্ত গ্রহণকারী এবং কমিউনিটি নেতাদের জন্য নির্দেশনা যাতে সবাই মিলে নদীর অধিকার বিষয়টি বাস্তবে প্রয়োগ করতে পারেন।

2 https://www.un.org/sustainabledevelopment/blog/2019/05/nature-decline-unprecedented-report/

3 https://www.internationalrivers.org/resources/reports-and-publications/rights-of-river-report/

## নদীর অধিকার বিষয়টি কি নতুন?

পৃথিবীর বিভিন্ন প্রান্তের মানুষ, বিশেষ করে প্রান্তিক বা উপজাতি গোষ্ঠীর মানুষ এবং অন্যান্য আধ্যাত্মিক বিশ্বাসের মানুষ বহু বছর ধরেই এ বিশ্বাস লালন করে এবং তাদের ঐতিহ্য, ধর্ম, রীতিনীতি এবং আইনে স্বীকার করে যে সকল প্রাকৃতিক সৃষ্টি, বিশেষ করে নদী, জীবন্ত সত্তা এবং তাদের নিজস্ব অধিকার রয়েছে।

আমাদের স্বীকার করে নিতে হবে যে আমাদের বর্তমান নদীর অধিকার হল মূলত বহু বছর ধরে চলে আসা আদিবাসী জনগোষ্ঠীর আইনের সাথে একটি মেলবন্ধন। যদিও বিভিন্ন উপজাতীয় আইন, বিভিন্ন উপজাতীয় সংস্কৃতির মতই আলাদা, তবে তাদের সবাই সামগ্রিকভাবে বিশ্বাস করে এবং মানে যে মানুষ এবং নদী একটি বড় পরিবারের অংশ এবং একটি উৎস এবং পূর্বপুরুষ থেকে এসেছে। এই দৃষ্টিভঙ্গি আমাদের প্রাকৃতিক পরিবেশের প্রতি দায়িত্বশীল হিসেবে এবং সম্মানের সাথে আচরণ করতে শিখায়, যেমনটা আমরা আমাদের পরিবারের সদস্যদের কাছে প্রত্যাশা করি।

> “আমরা নদীকে ভাই, বোন, মা বা বাবা হিসেবে দেখি। আমার আপনার মত নদীরও নিজস্ব অধিকার রয়েছে যখন আপনি একটু অসুস্থ নদীর সাথে থাকবেন, তখন আপনি নিজের মধ্যেও অসুস্থ্যতা অনুভব করবেন, কারণ নদী আপনি এবং আপনি নদী।”

**জেরাল্ড আলবার্ট,**
ওয়াংনুই আদিবাসী দলের মুখ্য,
নিউজিল্যান্ড।[4]

নদীর অধিকার বিষয়ক আন্দোলন মূলত ওই বিশ্বাস থেকে এসেছে যে মানুষ এবং নদীর মধ্যে অত্যান্ড় মজবুত সম্পর্ক বিরাজমান, এবং এটি আমাদের জন্যে নির্দেশিকা তৈরি করে নিজে কিভাবে আমরা এই সম্পর্ককে সম্মান জানাবো এবং টিকিয়ে রাখব।

4 https://www.nationalgeographic.com/culture/graphics/maori-river-in-new-zealand-is-a-legal-person



## আমাদের বর্তমান আইনে সমস্যা কি?

যদি বর্তমানে প্রচলিত সকল আইন আমরা যেভাবে আছে ঠিক সেভাবেই ব্যবহার করি, তবুও আমাদের নদী এবং পৃথিবীতে জীবন হুমকির সম্মুখীন থাকবে। এর কারণ আমাদের আইন দ্বিধান্বিত। প্রকৃতি এবং মানুষ একে অপরের সাথে সম্পর্কযুক্ত। কিন্তু আমাদের আইন এমনভাবে তৈরি করা যেখানে মনে হয় যে আমরা প্রকৃতির বিভিন্ন উপাদান আমাদের ইচ্ছামত পরিবর্তন বা ব্যবহার করতে পারি। বর্তমান আইনের অধীনে, নদীকে কোন একক হিসাবে বিবেচনা করা হয় না, বরং নদীকে পানি, নদীর তীর, বাক, আদিবাসীদের বসবাস, জলাভূমি, ইত্যাদি বিভিন্ন ভাগে ভাগ করা হয়। এর প্রত্যেকটি ভাগ ব্যক্তিগতভাবে মালিকানাধীন হওয়া যায় এবং আর্থিক উন্নতির জন্য ব্যবহার করা যায়।

নদীকে একটি একক সত্তা যার অধিকার রয়েছে বিবেচনা করার চেয়ে নদীকে মানুষের সম্পত্তি হিসেবে বিবেচনা করার কারণই বর্তমানে নদীর ধ্বংসের কারণ। এটা পৃথিবীর বিভিন্ন প্রান্েড় আরো প্রকট ভাবে শুর‍ু হয়েছে তখনই, যখন মূল ভূমিতে বসবাসকারী মানুষেরা আদিবাসীদের জমি অধিগ্রহণ আরম্ভ করেছে, এবং ব্যক্তি স্বাধী-নতা এবং ব্যক্তিস্বাতন্র্ড় এর উপর ভিত্তি করে নতুন আইন প্রণয়ন করেছে যা আমাদের প্রকৃতির প্রতি যৌথ দায়িত্ববোধের প্রধান অন্ড়রায়।

নদীর অধিকার এটি নিশ্চিত করে যে মানুষ এবং অন্যান্য প্রাকৃতিক সত্তা একই বাস্তুসংস্থানে সদস্য, এবং সকলে একই পরিমাণ সুরক্ষার দাবি রাখে।[5] আমরা যদি নদী সুরক্ষার আইন বাস্ড়বায়ন করতে পারি অথবা গ্রহণ করি তাহলে এটি নিশ্চিত করে যে প্রকৃতির সুরক্ষায় প্রকৃতির নিজস্ব যে আইন রয়েছে তাই যথেষ্ট, প্রকৃতিকে মানব সৃষ্ট আইন দ্বারা পরিচালনা করা নয়। এটা নিশ্চিত করবে যে বর্তমান এবং ভবিষ্যতের সকল সত্তার প্রজন্মদের জন্য পরিষ্কার খাবার পানি এবং তাদের মৌলিক চাহিদা পূরণের জন্য সকল উপাদান প্রকৃতিতে সঠিকভাবে রয়েছে।

5 এ৩যরং রফবধ রং পধষষবফ নরড়-পঁষঁৎধষ ৎরমযঃং

## নদীসমূহ কে কিভাবে আইনের অধীনে অধিকার দেয়া হয়?

নদীগুলি আইনের অধীনে তাদের অধিকার লাভ করে যখন একজন বিচারক তাদের আইনি ব্যক্তিত্ব প্রদান করেন। পাশ্চাত্য আইনগত চিন্ড়াধারায়, আমাদের প্রাকৃতিক পরিবেশের অংশ এমন জীবের স্বয়ংক্রিয়ভাবে অধিকার থাকে না। আমাদের আইনি ব্যবস্থার অধীনে অধিকার পেতে, একটি জীবিত প্রাণীকে অবশ্যই "আইনি ব্যক্তি" বা "আইনি বিষয়" হিসাবে ঘোষণা করতে হবে। নদীকে আইনী ব্যক্তিত্ব প্রদানের অর্থ হল স্বীকৃতি দেওয়া যে সমস্ড় নদীই এমন অধিকার সহ জীবন্ড় সত্তা যা অবশ্যই আইনের আদালতে বহাল থাকতে হবে।

এ কথা বলার আরেকটি উপায় হলো আমরা নদীকে আইনের অধীন বস্তু না করে বিষয় বান-াচ্ছি। একটি 'বস্তুর' বিপরীতে, একটি 'আইনি বিষয়' অধিকার ধরে রাখতে সক্ষম। ঐতিহা-সিকভাবে, শুধুমাত্র একজন 'মানুষ' আইনগত বিষয় হতে পারে। কিন্তু প্রকৃতির অধিকার আন্দোলন এটি পরিবর্তন করছে। একবার একটি নদীর, আইনি ব্যক্তি এবং আইনি অধিকারের বিষয় হিসাবে স্বীকৃত হয়ে গেলে, আদালত তখন সেই নদীটির এখন কী নির্দিষ্ট অধিকার রয়েছে সে সম্পর্কে চিন্তাভাবনা শুরু করতে সক্ষম হবে।

# নদীর কি অধিকার আছে?

নদীর অধিকার আন্দোলন যখন শক্তিশালী হচ্ছে, সারা বিশ্বের আইনজীবী, বিচারক, নাগরিক এবং তাদের সরকার একে অপরের কাছ থেকে এ বিষয়ে শিখছে এবং অনেক দেশ নদীগুলির অধিকার রক্ষার জন্য আইন পাস করা শুরু করেছে। এই অধিকারগুলি বিভিন্ন সাংস্কৃতিক, আধ্যাত্মিক এবং আইনগত ধারণার উপর ভিত্তি করে কিন্তু সবই একই মৌলিক অধিকারের নিশ্চয়তা দেয়।

## প্রবাহের অধিকার


প্রবাহের অধিকারকে একজন মানুষের শ্বাস নেওয়ার অধিকারের সাথে তুলনা করা যেতে পারে। যদি আমরা শ্বাস নিতে না পারি, আমাদের হৃদযন্ত্র বা কার্যকারিতা বন্ধ হয়ে যায়। একটি নদী প্রবাহিত হলে, এটি স্বাস্থ্যবান্নদীর জন্য প্রয়োজনীয় অক্সিজেন গ্রহণ করতে পারে। মাছ, সামুদ্রিক শৈবাল, শামুক এবং অন্যান্য অনেক প্রজাতি একটি সুস্থ নদী ব্যবস্থায় উন্নতি লাভ করে। একটি নদীর প্রবাহ অবশ্যই পুরো নদীর বাস্তুতন্ত্রের স্বাস্থ্য বজায় রাখার জন্য যথেষ্ট শক্তিশালী হতে হবে। নদী - মানুষ নয় - তাদের মধ্য দিয়ে প্রবাহিত পানির মালিক হতে হবে।

## নদীর বাস্তুসংস্থানের মধ্যে প্রয়োজনীয় কার্য সম্পাদনের অধিকার

একটি নদী মৌসুমী বন্যার মাধ্যমে এবং সমৃদ্ধ পলি জমার মাধ্যমে পার্শ্ববর্তী অঞ্চলের নদীতীরে পলিমাটি বয়ে আনার গুরুত্বপূর্ণ কাজটি করে। নদীগুলি আমাদের ভূগর্ভস্থ জলকে পুনরায় পূরণ করে এবং দেশীয় উদ্ভিদ ও প্রাণীজগতের বৃদ্ধি ও উন্নতির জন্য স্থান প্রদান করে। এই গুরুত্বপূর্ণ কাজটি করার জন্য একটি নদীকে মুক্ত হতে হবে।

## দূষণ থেকে মুক্ত থাকার অধিকার

খামার, কারখানা, খনি এবং শহরগুলি থেকে রাসায়নিক উপাদান এবং ভারী ধাতুগুলি আমাদের নদীগুলিকে দূষিত করে এবং বাতাসের মাধ্যমে প্রবাহিত প্যাস্টিক, ঝড় বা বৃষ্টির পানির মাধ্যমে ধুয়ে আসা পাস্টিক ড্রেন এবং নর্দমাগুলির মাধ্যমে নদীতে ধুয়ে যায়। এই দূষণের কারণে শেওলা দ্রুত বৃদ্ধি পায়। যখন শেওলা মারা যায় এবং শুকিয়ে যায়, তখন এটি একটি নদীর অক্সিজেন ব্যবহার করে। পানিতে পর্যাপ্ত অক্সিজেন না থাকলে মাছ ও অন্যান্য প্রাণীর দম বন্ধ হয়ে মারা যায়। পানিদূষণ একটি সম্পূর্ণ নদীর বাস্তুতন্ত্রের পতন ঘটাতে পারে।



## স্থায়ী জলাশয় পুরণ করা এবং সেখান থেকে পানি পাওয়ার অধিকার

অ্যাকুইফার হল শিলা বা পলির একটি অংশ যা ভূগর্ভস্থ পানি ধরে রাখে। ভূগর্ভস্থপানি অবাধে ভূগর্ভে চলাচল করে এবং প্রাকৃতিকভাবে বৃষ্টি এবং তুষারপাত, স্রোত এবং নদী দ্বারা পূর্ণ হয়। যখন মানুষ পানীয় এবং সেচের জন্য অত্যধিক ভূগর্ভস্থ পানি অপসারণ করে, তখন জলাধারগুলি ভেঙে যেতে পারে, যা তাদের পানি সঞ্চয় করার এবং আমাদের নদীগুলিকে পানি ফিরিয়ে দেওয়ার ক্ষমতা চিরতরে হ্রাস করতে পারে।

## দেশীয় জীববৈচিত্র্যের অধিকার

স্থানীয় জীববৈচিত্র্য বলতে এমন প্রজাতিকে বোঝায় যেগুলো একটি নির্দিষ্ট নদী অববাহিকায় প্রাকৃতিকভাবে বিস্তার লাভ করে। স্থানীয় গাছপালা, মাছ এবং প্রাণীরা লক্ষ লক্ষ বছর ধরে নদীর সাথে বিবর্তিত হয়েছে এবং সেই নির্দিষ্ট পরিবেশে বসবাসের জন্য পুরোপুরি অভিযোজিত হয়েছে। স্থানীয় জীববৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হয় যখন মানুষ নদীতে বিদেশী মাছ মজুদ করে এবং যখন বিদেশী প্রজাতিগুলো জাহাজের খাল এবং বিশ্ব বাণিজ্য পথের মাধ্যমে নদীতে প্রবেশ করে। এতে প্রকৃতির ভারসাম্য নষ্ট হয় এবং দেশীয় প্রজাতিগুলো হুমকির মুখে পড়ে।

## পুনর্জন্ম এবং পুনরুদ্ধারের অধিকার

যে নদী ক্ষতিগ্রস্ত হয়েছে তার স্বাস্থ্য পুনরুদ্ধারের অধিকার রয়েছে। একটি নদীর স্বাভাবিক প্রবাহ এবং এর পলির চলাচল পুনরুদ্ধার করলে তার স্বাস্থ্য ফিরে পায়। এটি একটি নদীর তীর এবং পাবনভূমির প্রাকৃতিক অবস্থা পুনরুদ্ধারের মাধ্যমেও হতে পারে। একটি নদীর প্রাকৃতিক অবস্থা পুনরুদ্ধার করা হলে তা নদীব্যবস্থা এবং এর উপর নিভর্রশীল প্রজাতিগুলিকে সুস্থ এবং স্থিতিস্থাপক করে তোলে।

## নদীর অধিকার কতদূর বিস্তৃত?

একটি নদীর অধিকারের মধ্যে রয়েছে তার সমগ্র ব্যবস্থা, পাহাড়ের হিমবাহ থেকে শুরু করে এর মূল স্রোত, উপনদী এবং স্রোত পর্যন্ত। এটি আশেপাশের নদী, জলাশয়, পাবনভূমি, অববাহিকা এবং জলাভূমি পর্যন্ত বিস্তৃত এমনকি এটি নদী ব্যবস্থার মধ্যে বসবাসকারী সমস্ত প্রজাতি যেমন গাছপালা, মাছ এবং শামুক পর্যন্ত অন্তর্ভুক্ত করে। বিশ্বের অনেক বড় নদী যেহেতু বেশ কয়েকটি দেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়, তাই একটি নদীর অধিকার সুরক্ষিত করতে সংশিষ্ট সকল সরকারের সহযোগিতা প্রয়োজন।



## বিভিন্ন সম্প্রদায় তাদের নদীর জন্য অধিকার সুরক্ষিত করার জন্য কী পদ্ধতি ব্যবহার করছে?

সম্প্রদায়গুলি তাদের নদীর অধিকার রক্ষার জন্য বিভিন্ন পন্থা অবলম্বন করছে। কিছু কিছু ক্ষেত্রে, প্রকৃতির অধিকার মূলত আদিবাসী আইন এবং চুক্তির অধিকারের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। এর মধ্যে প্রথাগত আইন অন্তর্ভুক্ত থাকতে পারে, যার অর্থ আনুষ্ঠানিক লিখিত আইনের পরিবর্তে এমন আইনি ব্যবস্থা এবং বাধ্যবাধকতা যা সময়ের সাথে সাথে ঐ লোকালয়ের বিশ্বাস বা অনুশীলন থেকে উদ্ভূত হয়েছে।

অন্যান্য জায়গায়, নাগরিকরা তাদের দেশের সংবিধান দ্বারা নিশ্চিত করা সাংবিধানিক অধিকার হিসাবে প্রকৃতির অধিকারগুলি সফলভাবে সুরক্ষিত করেছে। প্রকৃতির অধিকারগুলি জাতীয় আইন হিসেবেও লিখিত হতে পারে, বা সরাসরি রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী কর্তৃক নির্বাহী কর্ম হিসাবে পাস করা যেতে পারে (একে নির্বাহী আদেশও বলা হয়)। যেসব ক্ষেত্রে একটি জাতীয় সরকার ব্যবস্থা নিতে ব্যর্থ হয়, সেসব ক্ষেত্রে নাগরিকরা তাদের নদীগুলির সুরক্ষার জন্য স্থানীয় আইন বা অধ্যাদেশগুলি প্রয়োগ করতে পারেন। নদীগুলির অধিকার লঙ্ঘিত হচ্ছে এমন মামলাগুলির তদন্ত ও সমাধানের জন্য বিশেষ স্বাধীন কর্তৃপক্ষ, ট্রাইব্যুনাল বা কাউন্সিল প্রতিষ্ঠা করা এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে। এই বিশেষ সংস্থাগুলি নদী সুরক্ষার মান নির্ধারণে এবং জড়িত প্রত্যেককে দায়বদ্ধতা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

### আইনি অভিভাবকত্ব

যদি কোনো নদীর অধিকার লঙ্ঘিত হয়, তাহলে সেই নদী যে দেশের বা যে দেশগুলোর মধ্য দিয়ে প্রবাহিত হয়, সেই দেশের আইনি ব্যবস্থার মাধ্যমে বিচার পাওয়ার অধিকার রয়েছে। একটি নদী কিভাবে একজন বিচারককে দেখায় যে তার ক্ষতি হয়েছে? এটি করার জন্য, নদীগুলির জন্য আদালতে তাদের প্রতিনিধিত্ব করার জন্য আইনি অভিভাবক নিয়োগ করা হয়ে থাকে।

নদীর রক্ষক হল আদিবাসী এবং নদী ব্যবহারকারী সম্প্রদায় যারা ঐতিহ্যগতভাবে নদীর উপর নিভর্রশীল। আইনি অভিভাবকদের মধ্যে আদিবাসী এবং অ-আদিবাসী, বিজ্ঞানী, আইনজীবী, আইন প্রণেতা এবং বিশেষ জ্ঞানসম্পন্ন অন্যান্য ব্যক্তিরাও থাকতে পারে। নদী রক্ষকদের কাজ হল নদীর সর্বোত্তম স্বার্থে কাজ করা, নদীর পক্ষে কথা বলা এবং নদীর অধিকার যাতে সম্পূর্ণরূপে নিশ্চিত হয় তা নিশ্চিত করা। নদীর রক্ষকগণ তাদের সরকারের সাথে একসাথে কাজ করে নদীর পরিবেশগত, সামাজিক, সাংস্কৃতিক, এবং অর্থনৈতিক স্বাস্থ্য নিশ্চিত করতে, যাতে মানুষ এবং নদী উভয়ের স্বার্থ নিজ নিজ অধিকারের ভিত্তিতে রক্ষা হয়।[৬]

6 https://www.tandfonline.com/doi/full/10.1080/02508060.2019.1643525

**"নদীর সবচেয়ে কাছের লোকেরা এখন থেকে এটির উপর নজরদারি করবে। একুয়ানিশিতের ইনু সর্বদা নিতাসিনান [পৈতৃক অঞ্চল] এর রক্ষক ছিল এবং মুতেশেকাউ-শিপু নদীর অধিকারের স্বীকৃতির মাধ্যমে তা অব্যাহত থাকবে।"**

**জিন-চার্লস পিয়েটাচো,**
ইনু কাউন্সিল অফ ইকুয়ানিশিটের প্রধান, কুইবেক, কানাডা[7]

## মানবাধিকার আইন

কিছু দেশে, আন্তর্জাতিক মানবাধিকার কাঠামোর অংশ হিসাবে তাদের অন্তর্ভুক্ত করে প্রকৃতির অধিকার সুরক্ষিত করা হয়েছে। এটি একটি স্বাভাবিক পদক্ষেপ, কারণ আন্তর্জাতিক মানবাধিকার আইন ইতিমধ্যে একটি সুস্থ পরিবেশের অধিকার এবং আদিবাসীদের অধিকারকে অন্তর্ভুক্ত করেছে, প্রকৃতির অধিকার আন্দোলনের দুটি গুরুত্বপূর্ণ ধারণা। মানবাধিকার আইনে প্রকৃতির অধিকার অন্তর্ভুক্ত করার ফলে পরিবেশগত মানবাধিকার এবং জৈব-সাংস্কৃতিক অধিকারের মতো গুরুত্বপূর্ণ নতুন আইনি ধারণার বিকাশ ঘটেছে, যা স্বীকার করে যে মানুষ এবং অন্যান্য প্রাকৃতিক সত্তা একই বাস্তুতন্ত্রের সদস্য, এবং এইভাবে আইনের অধীনে একই সুরক্ষার যোগ্য। .



## কৌশলগত মামলা

অনেক সম্প্রদায় নদী রক্ষার জন্য নতুন উপায়ে আইন প্রয়োগ করার জন্য কৌশলগত মামলা ব্যবহার করছে। মামলা বলতে আইনি পদক্ষেপ নেওয়ার প্রক্রিয়াকে বোঝায়, এবং কৌশলগত মানে হল এই প্রক্রিয়াটি সাবধানে একটি নির্দিষ্ট, দীর্ঘমেয়াদী উদ্দেশ্য যেমন নদীর জন্য আইনি অধিকার সুরক্ষিত করার জন্য পরিকল্পনা করা হয়েছে। কৌশলগত মোকদ্দমা একটি নির্দিষ্ট মামলার সুযোগের বাইরে একটি সমাজ এবং তার আইনি ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন আনার লক্ষ্যে করা হয়। কৌশলগত মামলার মাধ্যমে, মানুষ তাদের আইনি ব্যবস্থা ব্যবহার করতে পারে অন্যায় মোকাবেলা করতে এবং আইনের দুর্বলতা এবং ফাঁকগুলি তুলে ধরতে। নদী সুরক্ষায় কোউশলগত মামলার মূল লক্ষ্য হল প্রকৃতির অধিকারকে সম্মান, সুরক্ষা এবং পূরণ করতে আইন, নীতি এবং অনুশীলনগুলি পরিবর্তন করা। কৌশলগত মামলা অন্যায় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করে। মামলার শিক্ষামূলক উপকরণ অন্যান্য নাগরিকদের কাছে এর গুরুত্ব ব্যাখ্যা করতে এবং নদীর অধিকারের গুরুত্ব সম্পর্কে আলোচনাকে উত্সাহিত করতে সহায়তা করতে পারে। এইভাবে, কৌশলগত মামলা দীর্ঘস্থায়ী রাজনৈতিক ও সামাজিক পরিবর্তন আনতে পারে।

যদিও এই পন্থাগুলির মধ্যে কিছু বন্ধনহীন হতে পারে, যার অর্থ তারা আইন দ্বারা প্রয়োগযোগ্য নয়, তবুও তারা সামাজিক মূল্যবোধ পরিবর্তন এবং আন্দোলন গড়ে তুলতে কার্যকর হতে পারে। নদীর অধিকার রক্ষার বৈশ্বিক আন্দোলনে পরিবর্তন আনতে, শিখতে এবং নতুন পদ্ধতির বিনিময় করতে বিশ্বজুড়ে মানুষ সংগঠিত হচ্ছে এবং পদক্ষেপ নিচ্ছে। এই অধিকারগুলিকে নৈতিক এবং রাজনৈতিক উভয় শক্তির মাধ্যমে স্বীকৃতি ও ঘোষণা দেওয়ার মাধ্যমে সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধকে রূপান্তর করতে সহায়তা করছে।

7 https://cpaws.org/for-the-first-time-a-river-is-granted-official-rights-and-legal-personhood-in-canada/

# কোন দেশগুলো নদীর অধিকার দিয়েছে?

বিপুল সংখ্যক নাগরিক নদীর অধিকারকে স্বীকৃতি দিতে এবং তাদের ধ্বংস রোধ করতে বিশ্বজুড়ে তাদের সরকারের সাথে কাজ করছে। আইনি মামলা, আলোচনা, জাতীয় সংবিধানে প্রকৃতির অধিকারের অভিযোজন এবং আদিবাসী উপবিধিতে নদীর অধিকারের অন্তর্ভুক্তি সহ বেশ কয়েকটি উপায়ের মাধ্যমে এটি সম্পন্ন করা হয়েছে। এখানে এই প্রক্রিয়ার কিছু গল্প উলেখ করা হলো।

## কলম্বিয়া

কলম্বিয়াতে, ২০১৬ সালের একটি রায়ে বলা হয়েছে, শতবর্ষ ধরে চলমান খনি খনন কার্যক্রম এর কারণে আত্রাটো নদীর প্রবল দূষণ কেবল এটির উপর নির্ভরশীল অনেক আদিবাসী এবং আফ্রো-আমেরিকান সম্প্রদায়ের অধিকার লঙ্ঘন করে না, বরং নদীর অধিকারও লঙ্ঘন করে।[8]

আদালত এই সম্প্রদায়ের নেতাদের নদীর অভিভাবক হিসাবে স্বীকৃতি দেয় এবং নিয়ুক্ত করে। এই মামলায় বিচারক নদীর অধিকার এবং এর উপর নির্ভরশীল মানুষের অধিকারের মধ্যে সংযোগের উপর জোর দেওয়ার জন্য নতুন শব্দ বায়োকালচারাল রাইটস ব্যবহার করেছেন। এই যুগান্তকারী সিদ্ধান্তটি কলম্বিয়া জুড়ে অনুরূপ আইন গ্রহণের পথ খুলে দিয়েছে।



8 http://files.harmonywithnatureun.org/uploads/upload838.pdf

## উত্তর আমেরিকা

২০২০ সালে, নেজ-পারস ট্রাইব সাধারণ কাউন্সিল "স্নেক রিভার"কে একটি জীবন্ত সত্তা হিসাবে স্বীকৃতি দিয়েছে যার অধিকার রয়েছে, যার মধ্যে রয়েছে অস্তিত্ব, বিকাশ, প্রবাহ এবং পুনর্জন্মের অধিকার এবং পুনরুদ্ধারের অধিকার। স্নেক রিভার এবং এর উপর নির্ভরশীল সমস্ত প্রজাতি, বিশেষ করে স্যামন মাছ, দীর্ঘকাল ধরে নেজ পাসের লোকদের গল্প, কিংবদন্তি, অনুষ্ঠান এবং পরিচয়ের কেন্দ্রবিন্দু ছিল। যদিও একসময় স্নেক নদীতে লক্ষ লক্ষ স্যামন মাছ বিচরণ করত, তবে পানি দূষণ, পানি অপসারণ প্রকল্প এবং বাঁধগুলি তাদের অস্তিত্বকে হুমকির মুখে ফেলেছে। স্যামনের কমে যাওয়ার কারণে ঈগল এবং ভালুক থেকে শুরু করে অরকাস এবং মানুষের জীবন পর্যন্ত খারাপভাবে প্রভাবিত হয়েছে। নদীর অধিকারকে স্বীকৃতি দিয়ে, নেজ পারস উপজাতি তার দীর্ঘস্থায়ী বিশ্বাসের সাথে তাদের নিজস্ব আইনি ব্যবস্থার সামঞ্জস্য করছে যে স্নেক নদী বেঁচে আছে, এবংনেজ পারস জনগণ যাতে একটি সুস্থ স্নেক নদীর সাথে বসবাস করতে পারে সে উদ্দেশ্যে।[9]

## নিউজিল্যান্ড

নিউজিল্যান্ডে, আদিবাসী মাওরি লোকেরা "একজন আইনী ব্যক্তি হিসাবে পবিত্র ওয়াংগানুই নদীর স্বীকৃতি অর্জনে সফল হয়েছিল। এক শতাব্দীরও বেশি সময় ধরে, মাওরিরা নিউজিল্যান্ডের ঔপনিবেশিক সরকারকে চ্যালেঞ্জ জানিয়েছিল নদীর উপর তার নেতিবাচক প্রভাব কমাতে। নদীকে আইনি ব্যক্তিত্ব প্রদানের ক্ষেত্রে, আদালত মাওরিদের তাদের নদীর দৃষ্টিভঙ্গিকে "অবিভাজ্য এবং জীবন্ত সমগ্র, পাহাড়ছ থেকে সমুদ্র পর্যন্ত ওয়াংগানুই নদীকে সমন্বিত এবং এর সমস্ত ভৌত ও আধিভৌতিক উপাদানকে অন্তর্ভুক্ত হিসাবে স্বীকৃতি দিয়েছে[10] নদীটিকে এখন আইনি অভিভাবকদের দ্বারা প্রতিনিধিত্ব করা হয় যারা এটিকে একটি আধ্যাত্মিক এবং শারীরিক সত্তা হিসাবে স্বীকৃতি দেয় যা ওয়াংগানুই নদীবিধৌত জীবন এবং নদীর নিজের স্বাস্থ্য বজায় রাখে।

9 http://files.harmonywithnatureun.org/uploads/upload980.pdf

10 https://www.thethirdpole.net/en/climate/opinion-time-to-recognise-and-respect-rivers-legal-rights/



## দক্ষিণ এশিয়া

ভারতে, উত্তরাখণ্ডের উচ্চ আদালত গঙ্গা ও যমুনা নদীর আইনি ব্যক্তিত্ব এবং তাদের "অনাদিকাল ধরে আমাদের সকলের শারীরিক ও আধ্যাত্মিক ভরণপোষকচ এর স্বীকৃতি দিয়েছে। রায়ে উলেখ করা হয়েছে যে নদীগুলি বৈজ্ঞানিক ও জৈবিকভাবে জীবিত প্রাণী যাদের দূষিত না হওয়ার অধিকার রয়েছে। তাদের নিজেদের অত্যাবশ্যক বাস্তুতন্ত্রের অস্তিত্ব ধরেরাখার, টিকে থাকার, রক্ষণাবেক্ষণ, টিকিয়ে রাখার এবং পুনর্জন্ম করার অধিকার রয়েছে। আদালত বলেছে যে নদী দূষিত করা এবং ক্ষতি করা আইনত একজন ব্যক্তির ক্ষতি করার সমান। যদিও পরে ভারতের সুপ্রিম কোর্ট রায়টিকে বাতিল করেছে, এটি ছিল আইনের অধীনে নদীগুলির অধিকার সুরক্ষিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ সূচনা।[11]

২০১৯ সালে, বাংলাদেশের সুপ্রিম কোর্ট দেশের সমস্ত নদীকে বৈধ স্বত্বা হিসাবে অধিকার সহ জীবিত ঘোষণা করার সিদ্ধান্তকে বহাল রাখে। আদালত ঘোষণা করেছে, "পানি অবশ্যই পরবর্তী শতাব্দীর সবচেয়ে চাপের পরিবেশগত বিষয়,চ এবং জলপথগুলিকে "যে দামেই হোক না কেনচ সুরক্ষিত করার আহ্বান জানিয়েছে।[12] সিদ্ধান্তটি ব্যক্তিগত এবং সরকারি (সরকারি) উভয় সংস্থার ক্ষতি থেকে নদীগুলিকে রক্ষা করে। আদালত একটি নতুন সরকারী সংস্থা, জাতীয় নদী সংরক্ষণ কমিশন (ঘজঈঈ) কে দেশের নদীগুলির আইনি অভিভাবক হিসাবে নিয়োগ করেছে। বাংলাদেশ বিশ্বের বৃহত্তম ব-দ্বীপের আবাসস্থল, এবং ৫৭ টি নদীর পানি দেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়। আইনের লক্ষ্য হল এই নদীগুলিকে রক্ষা করা- যার মধ্যে অনেকগুলিই অত্যন্ত দূষিত- যাতে বাংলাদেশের জনগণ পানীয় জল, মাছ ধরা এবং কৃষির জন্য তাদের উপর নিভ্রর করতে পারে।

একবার কোন সরকার একটি নদীর অধিকারকে স্বীকৃতি দিলে, নদীর অধিকারের সার্বজনীন ঘোষণাপত্রটিতে সেই অধিকারগুলি নিশ্চিত করা এবং তাদের সুরক্ষা করা নিশ্চিত করার জন্য অবশ্যই দৃঢ় পদক্ষেপ নিতে হবে। প্রথম পদক্ষেপ হিসাবে, সরকারকে অবশ্যই তহ-বিল নিশ্চিত করতে হবে এবং নদীর ক্ষয়ক্ষতি নিরূপণের জন্য লোক নিয়োগ করতে হবে। নদীর স্বাস্থ্য পুনরুদ্ধারের জন্য কী কাজ করা দরকার তা বোঝার পরে, সেই কাজটি যত তাড়াতাড়ি সম্ভব শুরু করতে হবে। এর মধ্যে দূষণ পরিষ্কার করা এবং নদীর প্রবাহকে আটকানো বাঁধ এবং অন্যান্য ডাইভারশন সরিয়ে নেওয়া অন্তর্ভুক্ত থাকতে পারে যাতে এটি আবার অবাধে চলতে পারে। এর মানে নদীর জলজ এলাকাগুলি পুনরুদ্ধার করা যাতে জল এবং পলি আবারও প্রাকৃতিকভাবে নদীতে প্রবাহিত হতে পারে।

সরকারকে এই সমস্ত কাজ সহযোগিতামূলক উপায়ে করতে হবে নদীর অভিভাবক এবং আদিবাসী সম্প্রদায়ের সদস্যরা যারা নদীর উপর নিভ্রশীল তাদের সাথে একত্রিত হয়ে। নতুন বাঁধ বা অন্যান্য প্রকল্প যা পানি সরিয়ে দেয় বা নদীর প্রবাহ পরিবর্তন করে তখনই নির্মাণ করতে হবে যদি অন্য কোনো বিকল্প না পাওয়া যায়। অনিবার্য হলে, এই প্রকল্পগুলিতে অবশ্যই নদীর

11 Lalit Miglani v State of Uttarakhand and Others 2017

12 https://www.initiativesrivers.org/actualites/rights-for-all-the-rivers-and-watercourses-of-bangladesh/

স্বাস্থ্য সংরক্ষণের জন্য গ্রহণযোগ্য সেরা প্রযুক্তি ব্যবহার করতে হবে। দীর্ঘমেয়াদে, নদীগুলির প্রাকৃতিক প্রবাহ পরিবর্তন না করেই দেশের চাহিদা মেটানোর উপায় খুঁজে বের করার জন্য সরকারগুলিকে নাগরিক এবং বিশেষজ্ঞদের সাথে কাজ করতে হবে।

সরকারকে ভাল কাজ করার জন্য, নদীর অধিকার সম্পর্কে বিচারকদের সিদ্ধান্ত অবশ্যই পরিষ্কার হতে হবে। নদীগুলির অধিকার সুরক্ষিত করার ক্ষেত্রে, সরকারগুলিকে অবশ্যই সেই সম্প্রদায়গুলির অধিকারকে সম্মান করতে হবে এবং সম্প্রদায়ের সদস্যদের তাদের নদীগুলির বিষয়ে সিদ্ধান্তে অংশগ্রহণের সুযোগ দিতে হবে যারা সেই নদীগুলির উপর নিভর্র করে। যেখানে নদীগুলো বিভিন্ন দেশের মধ্য দিয়ে যায়, সেসব দেশের সরকারকে অবশ্যই নদী রক্ষার জন্য এবং যারা নদীর অধিকার লঙ্ঘন করে তাদের শাস্তি দিতে একসঙ্গে কাজ করার নতুন উপায় খুঁজে বের করতে হবে, তবে এটি চ্যালেঞ্জিং হবে, বিশেষ করে যে দেশগুলির একসঙ্গে কাজ করার ইতিহাস নেই তাদের জন্য।

আরেকটি বড় সমস্যা হল যে বিশ্বের অর্থনৈতিক ব্যবস্থা এখনও যারা নদী শোষণ করে তাদের পুরস্কৃত করে চলেছে। আমাদের আইনি ব্যবস্থার উন্নতির পাশাপাশি আমাদের অর্থনৈতিক ব্যবস্থার পুনর্বিবেচনা করতে হবে। আমাদের অবশ্যই আমাদের অর্থনৈতিক ব্যবস্থা পরিবর্তন করতে হবে যাতে এটি তাদের পুরস্কৃত করে যাদের কাজের ফলাফল সুস্থ ও স্থিতিস্থাপক নদী নিশ্চিত করে। এটি করার জন্য, আমাদের এই সমস্যাগুলি আরও ভালভাবে বোঝার জন্য এবং সমাধানগুলি সন্ধানের জন্য একটি সম্প্রদায় হিসাবে একসাথে কাজ করতে হবে।

## নদী আন্দোলনের অধিকারকে সমর্থন করার জন্য আমি কী করতে পারি?

সারা বিশ্ব জুড়ে সম্প্রদায়গুলি নদীর অধিকার আন্দোলনের অংশ হওয়ার জন্য এবং তাদের নদীর জন্য আইনি অধিকার সুরক্ষিত করতে একসঙ্গে কাজ করছে। আপনি এই মানচিত্রে ক্লিক করে তাদের অগ্রগতি অনুসরণ করতে পারেন। এই আন্দোলনগুলির প্রত্যেকটি আপনার মতো নাগরিকদের দল দ্বারা শুরু হয়েছিল যারা তাদের নদীকে ঘিরে তাদের উদ্বেগ নিয়ে আলোচনা করার জন্য মিলিত হয়েছিল। তারা সচেতনতা বাড়ানোর মাধ্যমে শুরু করেছিল- প্রথমে তাদের সম্প্রদায়ের মধ্যে, এবং তারপরে তাদের দেশ জুড়ে তাদের নদীগুলি যে ক্ষতির সম্মুখীন হয়েছিল এবং তাদের আইনি অধিকার সুরক্ষিত করে নদীগুলিকে রক্ষা করার সম্ভাবনা সম্পর্কে। তারা আইনজীবী, রাজনীতিবিদ, বিজ্ঞানী এবং অন্যান্য বিশেষজ্ঞদের সাথে সংযোগ স্থাপন করেছেন যারা তাদের মামলাগুলি আদালতে আনার জন্য প্রয়োজনীয় প্রমাণ প্রস্তুত করার জন্য তাদের একত্রে কাজ করেছেন। একই সময়ে, তারা সাংবাদিক, শিল্পী, এবং জনপ্রিয় ব্যক্তিত্বদের সাথে কাজ করেছেন তাদের সমাজের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য সৃজনশীল উপায় খুঁজে বের করার জন্য যার মাধ্যমে নদীর অধিকার প্রতিষ্টা করা এবং নদী সুরক্ষায় সকলের দৃষ্টি আকর্ষণ সহজ হবে।

নদী অধিকার সুরক্ষিত করার জন্য একটি প্রচার চালানোর সময়, এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে নদীর অধিকার আন্দোলন এক প্রকারের আদিবাসী অধিকার আন্দোলন। আদিবাসী এবং নদী ব্যবহারকারীরা তাদের প্রবীণদের সাথে কাজ করছে নদীগুলির চারপাশের ঐতিহ্যগত জ্ঞান, ভাষা এবং তাদের উপর নিভর্রশীল জীবন ফিরিয়ে আনতে। এই জ্ঞান ভাগাভাগি করার জন্য লোকেদের একত্রিত করতে অনুষ্টানের আয়োজন করা, বোঝাপড়া তৈরি করা এবং আইনি সমাধান প্রচার করা নদীর অধিকার আন্দোলনের একটি বড় অংশ। যারা ঐতিহ্যগতভাবে নদী ব্যবহারকারী বা আদিবাসী নন, কিন্তু নদীকে একইভাবে ভালোবাসেন, তারা এই অনুষ্টানের মাধ্যমে জানতে পারেন যে আদিবাসীরা এবং নদী ব্যবহারকারীরা কী উদ্যোগ নিচ্ছেন এবং তারা কীভাবে সেই প্রচেষ্টাগুলিকে সর্বোত্তমভাবে সমর্থন করবেন।

আপনি যদি আপনার সম্প্রদায়ের নদীর অধিকার সম্পর্কে জানতে বা সাহায্য করতে চান, আপনি সহায়তা এবং তথ্যের জন্য আন্তর্জাতিক নদী বা আর্থ ল সেন্টারের সাথে যোগাযোগ করতে পারেন। আপনি বিশ্বের যেখানেই থাকুন না কেন, আমরা আপনাকে আপনার জন্য আইনি সহায়তা এবং আপনার সাংস্কৃতিক ব্যবস্থার সাথে মানানসই নদীর অধিকারের ঘোষণা করতে সাহায্য করতে পারি।

আপনি এই লিঙ্কে নদীর অধিকারের সার্বজনীন ঘোষণাপত্রে স্বাক্ষর করে বিশ্বের নদী রক্ষার আন্তর্জাতিক আন্দোলনে যোগ দিতে পারেন। আপনি একজন ব্যক্তি হিসাবে স্বাক্ষর করতে পারেন, বা একটি গোষ্ঠী হিসাবে স্বাক্ষর করার বিষয়ে আপনার সম্প্রদায়ের লোকেদের সাথে কথা বলতে পারেন। এটি করার মাধ্যমে, আপনি বিশ্বজুড়ে ক্রমবর্ধমান নাগরিক সম্প্রদায়, গোষ্ঠী এবং সংস্থাগুলির সাথে যোগদান করবেন যারা তাদের স্থানীয়, রাজ্য এবং জাতীয় সরকারগুলিকে তাদের দেশের আইনের অধীনে ঘোষণাকে সমর্থন করার এবং নদীগুলির অধিকার রক্ষা করার জন্য অনুরোধ করছে। অবশেষে, আমরা আশা করি জাতিসংঘও ঘোষণাপত্রে স্বাক্ষর করবে এবং এটি বিশ্বব্যাপী গৃহীত হবে।

আইনটি আপনার এবং আমার মতো লোকেদের দ্বারা লেখা হয়েছে, তাই পৃথিবীকে আইনের কেন্দ্রে রাখার জন্য প্রয়োজনীয় পরিবর্তনগুলি করতে আমাদের বাধা দেওয়ার কিছু নেই। আমরা ইতিমধ্যে বিশ্বের কয়েক ডজন দেশের সাথে কাজ করছি এবং বিশ্বের প্রতিটি নদী তার পূর্ণ অধিকার ভোগ না করা পর্যন্ত এই কাজটি চালিয়ে যাব।

> **"আমরা নদীর মালিকানাধীন। আমরা নদীর মালিক নই। নদী আমাদের মালিক।"**
>
> **জেরার্ড অ্যালবার্ট,**
> ওয়াংগানুই উপজাতিদের জন্য গভর্নেন্স বডির চেয়ারম্যান, নিউজিল্যান্ড[13]

### উপকরনসমূহ

The Rights of Rivers Report: https://www.internationalrivers.org/resources/reports-and-publications/rights-of-river-report/

Rights of Rivers: Stories of Sovereignty and Guardianship in the Fight to Giver Rivers Legal Rights: https://www.youtube.com/watch?v=EsluKgJRiUo

Rights of Nature Law and Policy:

http://www.harmonywithnatureun.org/rightsOfNature/

New Zealand's Whanganui River is a Legal Person.  How will it Use its Voice? https://www.nationalgeographic.com/culture/graphics/maori-river-in-new-zealand-is-a-legal-person

13 https://www.nationalgeographic.com/culture/graphics/maori-river-in-new-zealand-is-a-legal-person

Sweden Sverige

TROSA
TRANS-BOUNDARY RIVERS OF SOUTH ASIA

OXFAM

INTERNATIONAL RIVERS
PEOPLE · WATER · LIFE